

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৩১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/১০ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) এর ঢাকাস্থ রিজিওনাল হাব অফিস কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

নং ০১/মুসক/২০২৩।—যেহেতু, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) ও বাংলাদেশ সরকারের মধ্যে ২৬ নভেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখে “The Establishment of the country Gateway office of the Islamic Development Bank Group in Bangladesh” শীর্ষক চুক্তি স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু, উক্ত চুক্তির Article-VIII এ আইডিবি’র ঢাকাস্থ রিজিওনাল হাব অফিস কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতির বিষয়টি উল্লেখ রাখিয়াছে;

(১৭৫৩)

মূল্য : টাকা ৮.০০

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত চুক্তির সকল শর্তাবলী পরিপালন সাপেক্ষে Islamic Development Bank (IsDB), Regional Hub office, Dhaka, Bangladesh কর্তৃক স্থানীয় পর্যায়ে পণ্য বা সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ হাসমত আলী
প্রথম সচিব (মুসক-নীতি)।